চট্টগ্রাম সিটি কর্পোরেশন
জনসংযোগ শাখা
প্রেস বিজ্ঞপ্তি

চট্টগ্রাম- ৩০ অক্টোবর ২০১৭খ্রি.

নগরীর ৪১নং দক্ষিণ পতেঙ্গা ওয়ার্ডে "সবাই মিলে দিব কর, নগর হবে স্বনির্ভর"
শীর্ষক সুধী সমাবেশ অনুষ্ঠিত

২৯ অক্টোবর ২০১৭ খ্রি. বিকেলে ৪১নং দক্ষিণ পতেঙ্গা ওয়ার্ডে "সবাই মিলে দিব কর, নগর হবে স্বনির্ভর" শীর্ষক সুধী সমাবেশ ও র‌্যালী অনুষ্ঠিত হয়। জনসচেতনতা সৃষ্টির লক্ষে স্থানীয় ওয়ার্ড কাউন্সিলর সালেহ আহম্মদ চৌধুরীর সভাপতিত্বে সিবিচ এ সুধি সমাবেশ অনুষ্ঠিত হয়। সুধী সমাবেশে বক্তব্য রাখেন আওয়ামীলীগ নেতা নুরুল আলম টেন্ডল,আবদুল কাদের, আবদুল হালিম, কামাল উদ্দিন, আবুল বশর, জামাল উদ্দিন, হাজী আবুল বশর, আবদুল গফুর, আবুল হোসেন, খায়রুল ইসলাম, শরিফ উদ্দিন, আবদুল্লাহ আল মামুন, ওয়াহিদুল আলম চৌধুরী, লোকমান হাকিম, জয়নাল আবদীন ফয়েজী সহ স্থানীয় রাজনৈতিক, সামাজিক ও পেশাজীবী সহ নানা শ্রেণি ও পেশার নাগরিকবৃন্দ। সমাবেশ শেষে স্থানীয় কাউন্সিলর এর নেতৃত্বে একটি র‌্যালী রাজপথ প্রদক্ষিণ করে। সমাবেশে ওয়ার্ড কাউন্সিলর সালেহ আহম্মদ চৌধুরী বলেন, চট্টগ্রাম সিটি কর্পোরেশনে হোল্ডারদের উত্থাপিত আপত্তির উপর রিভিউ বোর্ডের শুনানী চলছে। যারা আপিলে অংশগ্রহণ করেননি তারা আপত্তি উত্থাপন করতে চাইলে পি ফরম পূরণ করে রিভিউ বোর্ডে হাজির হয়ে পৌরকর অ্যাসেসমেন্ট সংক্রান্ত আপত্তি উপস্থাপন করতে পারবেন। সকলের অভিযোগ ও আপত্তি আমলে এনে সর্বোচ্চ অগ্রাধিকার দিয়ে রিভিউ বোর্ডে সুবিবেচনা করা হবে। কোন হোল্ডার ন্যায় বিচার থেকে বঞ্চিত হবে না। তিনি সকলকে আপত্তি/আপিল করার পরামর্শ দেন।

চট্টগ্রাম- ৩০ অক্টোবর ২০১৭খ্রি.

বাংলাদেশ মহিলা সমিতি উচ্চ বালিকা বিদ্যালয় ও কলেজের পিএসসি,জেএসসি,এসএসসি ও এইচ এস সি সহ প্রথম শ্রেনী থেকে নবম শ্রেনী পর্যন্ত কৃতি ও বৃত্তিপ্রাপ্ত শিক্ষার্থীদের সংবর্ধনা অনুষ্ঠানে মেয়র আ জ ম নাছির উদ্দীন
শিক্ষা জীবন শেষে কর্মজীবনে বৈষম্যহীন সমাজ গড়ার লক্ষ্যে কাজ করতে হবে

চট্টগ্রাম সিটি কর্পোরেশনের মেয়র আ জ ম নাছির উদ্দীন বলেছেন, বাংলাদেশ মহিলা সমিতি উচ্চ বালিকা বিদ্যালয় ও কলেজ এর শিক্ষার উন্নত পরিবেশ এর জন্য মাষ্টারপ্ল্যান প্রণয়ন করা হবে। এ বিদ্যালয় থেকে শিক্ষা গ্রহণ করে বের হয়ে দেশ ও জাতির কল্যাণে অবদান রাখতে হবে। দেশের প্রতি, দেশের মানুষের প্রতি দায়িত্ববোধ ধারন করে দেশপ্রেমে বলিয়ান হতে হবে। মূল্যবোধ সম্পন্ন একজন সুনাগরিক দেশের সম্পদ। তিনি বলেন, শিক্ষা প্রতিষ্ঠানে অধ্যয়ন করার সময় ধনি-দরিদ্রের কোন ব্যবধান ছিল না। সকল শ্রেনী ও পেশার সন্তানেরা একই ক্লাসে একসাথে বসে অধ্যয়ন করে জ্ঞাণ অর্জন করার যে সুযোগ ছিল সে বিষয়গুলোক মাথায় রেখে শিক্ষা জীবন শেষে কর্মজীবনে বৈষম্যহীন সমাজ গড়ার লক্ষ্যে কাজ করতে হবে। মনে রাখতে হবে সমাজের বঞ্চিত মানুষগুলোর মৌলিক অধিকার রয়েছে। তাদের মৌলিক অধিকারের বিষয়টি মাথায় রেখে সমাজ পরিবর্তনের জন্য অবদান রাখতে হবে। প্রসঙ্গক্রমে মেয়র বলেন, একজন শিক্ষার্থীর পেছনে তার পরিবার, শিক্ষক, সমাজ ও দেশের অবদান রয়েছে। সে দায়িত্ববোধ থেকে সততা ও নিষ্ঠার সাথে কর্মজীবনে দায়িত্বপালন করলে একজন যোগ্য নাগরিক হিসেবে নিজেদের গড়ে তোলা সম্ভব হবে। মেয়র বলেন, অভিভাবকদের জন্য অভিভাবক শেড, খেলাধুলার মাঠ, সুপেয় পানির ব্যবস্থা, নামাজের জায়গা সহ যাবতীয় সুযোগ সুবিধা বাওয়া স্কুল ও কলেজে নিশ্চিত করা হবে। ৩০ অক্টোবর ২০১৭ খ্রি. দুপুরে জিইসি কনভেনশন হলে বাংলাদেশ মহিলা সমিতি উচ্চ বালিকা বিদ্যালয় ও কলেজ এর পিএসসি,জেএসসি,এসএসসি ও এইচএসসি সহ প্রথম শ্রেনী থেকে নবম শ্রেনী পর্যন্ত বৃত্তিপ্রাপ্ত কৃতি শিক্ষার্থীদের সংবর্ধনা অনুষ্ঠানে প্রধান অতিথির ভাষনে মেয়র এসব কথা বলেন। অনুষ্ঠানে সভাপতিত্ব করেন অত্র শিক্ষা প্রতিষ্ঠানের অধ্যক্ষ আনোয়ারা আলম। এতে বিশেষ অতিথি ছিলেন অত্র শিক্ষা প্রতিষ্ঠান পরিচালনা পরিষদের সদস্য কাউন্সিলর মো. গিয়াস উদ্দিন, জামশেদুল আলম চৌধুরী, সফিকুল আলম চৌধুরী, মো. সালাহ উদ্দিন, জিয়া

উদ্দিন চৌধুরী শাহিন, উম্মে হাবিবা আঁখি, অত্র শিক্ষা প্রতিষ্ঠানের সহকারী শিক্ষকদ্বয় ছাড়াও সম্মাননা প্রাপ্ত বিদায়ী দুই শিক্ষক খুরশিদ জাহান, মিসেস হালিমা খাতুন বক্তব্য রাখেন। এছাড়াও এইচ এসসি,এসএসসি, জেএসসি ও পিএসসি'তে কৃতি শিক্ষার্থীরা তাদের স্মৃতি চারন করেন। সভার শুরুতে ধর্মগ্রন্থ থেকে পাঠ,জাতীয় সংগীত পরিবেশন করা হয়। অনুষ্ঠানে প্রধান অতিথি সিটি মেয়র আ জ ম নাছির উদ্দীন বিদায়ী শিক্ষক,কৃতি শিক্ষার্থী ও বিভিন্ন শ্রেনীতে স্থান অর্জনকারী এবং বৃত্তিপ্রাপ্ত শিক্ষার্থীদের হাতে সম্মাননা ক্রেষ্ট তুলে দেন। পরে শিক্ষার্থীদের পরিবেশনায় মনোজ্ঞ সাংস্কৃতিক অনুষ্ঠান অনুষ্ঠিত হয়।

চট্টগ্রাম- ৩০ অক্টোবর ২০১৭খ্রি.

চট্টগ্রাম সিটি কর্পোরেশনের পঞ্চবার্ষিকী কর পুনঃমূল্যায়ন বিষয়ে আপিলকারীদের শুনানীর দ্বিতীয় দিনে ৯৯ জন হোল্ডারের আপত্তি নিষ্পত্তি

৩০ অক্টোবর ২০১৭ খ্রি. সার্কেল-৫ এর ৯৯ জন হোল্ডারের আপিল নিষ্পত্তি করেছে আপিল রিভিউ বোর্ড। চট্টগ্রাম সিটি কর্পোরেশনের পঞ্চবার্ষিকী কর পুনঃমূল্যায়ন বিষয়ে আপিলকারীদের শুনানীর দ্বিতীয় দিনে ১২৫ জন হোল্ডারের নিকট পত্র প্রেরন করে চট্টগ্রাম সিটি কর্পোরেশন। তন্মধ্যে আপিল বোর্ডের সামনে ৯৯ জন উপস্থিত হয়ে তাদের আপত্তি উত্থাপন করেন। আজ আপিল বোর্ডে অংশ গ্রহনকারী হোল্ডারদের অ্যাসেসমেন্ট ভেল্যু ছিল ৬৪ লাখ ৬০ হাজার টাকা। হোল্ডারদের মতামত আমলে নিয়ে আপিল বোর্ড্ড আপিল নিষ্পত্তিক্রমে ভেল্যু ২১ লাখ ৯০ হাজার ৯শত টাকা চূড়ান্তভাবে ধার্য্য করেছে। ফলে অ্যাসেসমেন্ট ভেল্যু থেকে ৪২ লাখ ৬৯ হাজার ১শত টাকা ছাড় পেয়েছে সম্মানিত হোল্ডারগণ। এর ফলে ৬৬.০৯% ভেল্যু হ্রাস পেল। বিশাল অংকের এ ছাড়ের ফলে আপিলে অংশগ্রহনকারী সম্মানিত হোল্ডারগণ আনন্দচিত্তে রিভিউ বোর্ড থেকে ফিরে যান। সিটি মেয়র আ জ ম নাছির উদ্দীনের সিদ্ধান্তের প্রেক্ষিতে আজ আপিল রিভিউ বোর্ডের বিবেচনায় গরীব ৪ জন হোল্ডারের গৃহকর সম্পূর্ণ মওকুফ করা হয়। চট্টগ্রাম সিটি কর্পোরেশনের মেয়র আ জ ম নাছির উদ্দীন নগরবাসীর কাছে দেয়া তাঁর অঙ্গীকার আইনের আওতায় আপিল বোর্ডের মাধ্যমে ষোলআনা পূর্ণ করছেন। ফলে অতীতে একটি বিশেষ মহল দ্বারা নগরবাসীর মধ্যে সৃষ্ট ক্ষোভ ধীরে ধীরে প্রশমিত হচ্ছে। আজকের রিভিউ বোর্ডে সভাপতির দায়িত্ব পালন করেন ৩৬নং ওয়ার্ড কাউন্সিলর হাবিবুল হক। আপিল রিভিউ বোর্ড সদস্য প্রকৌশলী মো. হারুন, এডভোকেট চন্দন বিশ্বাস, প্রধান রাজ□□ব কর্মকর্তা ড. মুহম্মদ মুস্তাফিজুর রহমান, ট্যাক্সেশন অফিসার জানে আলমসহ সংশ্লিষ্ট কর্মকর্তাবৃন্দ উপস্থিত ছিলেন।

চট্টগ্রাম- ৩০ অক্টোবর ২০১৭খ্রি.

চট্টগ্রাম সিটি কর্পোরেশনের 'মুক্তিযোদ্ধা গৃহনির্মাণ' প্রকল্পের অধীনে ৩০নং পূর্বমাদারবাড়ী ওয়ার্ডে বীর মুক্তিযোদ্ধা নূর আহম্মদের ঘর নির্মাণ প্রকল্পের উদ্বোধন

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকারের পাশাপাশি চট্টগ্রাম সিটি কর্পোরেশনের মেয়র আ জ ম নাছির উদ্দীন চট্টগ্রাম নগরীর গৃহহীন বীর মুক্তিযোদ্ধাদের পুনর্বাসনের লক্ষে মুক্তিযোদ্ধা গৃহনির্মাণ প্রকল্প বাস্তবায়ন করছে। চলতি অর্থ বছরে মুক্তিযোদ্ধা ১০টি পরিবারকে গ্রহ নির্মাণ করে দেবে চট্টগ্রাম সিটি কর্পোরেশন। এ প্রকল্পের অধীনে ৩০ অক্টোবর ২০১৭ খ্রি. সোমবার, সকাল ১০ টায় ৩০নং পূর্বমাদারবাড়ী ওয়াডের্, ৮নং কামাল গেইট ১নং গলিস্থ বীর মুক্তিযোদ্ধা নূর আহম্মদের বাড়ীতে মুক্তিযোদ্ধা গৃহনির্মাণ কর্মসূচি শুভ উদ্বোধন করা হয়। এ নির্মাণ কাজের শুভ উদ্বোধন করেন মুক্তিযুদ্ধের গবেষক ও বীর মুক্তিযোদ্ধা কমান্ডার ডা. মাহফুজুর রহমান ও ৩০নং পূর্বমাদারবাড়ী ওয়ার্ড কাউন্সিলর মাজাহারুল ইসলাম চৌধুরী। চট্টগ্রাম সিটি কর্পোরেশনের রাজ□□ব খাত থেকে ২৯ লক্ষ ৬৬ হাজার টাকা ব্যয়ে নির্মিত হচ্ছে মুক্তিযোদ্ধা দ্বিতল ভবন। মুক্তিযোদ্ধা গৃহ নির্মাণ কর্মসূচি উদ্বোধন অনুষ্ঠানে চট্টগ্রাম মহানগর মুক্তিযোদ্ধা সংসদের কমান্ডার মোজাফ্ফর আহমদ, চট্টগ্রাম সিটি কর্পোরেশনের অতিরিক্ত প্রধান প্রকৌশলী মো. রফিকুল ইসরাম, উপ সহকারী প্রকৌশলী রুবেল বড়ুয়া, নুসরাত শাহীন এবং সহকারী কমান্ডার মো. রফিকুল ইসলাম, যুদ্ধকালিন কমান্ডার হাজী সুলতান আহমদ, সহকারী কমান্ডার সাধন চন্দ্র বিশ্বাস, এফ এফ আকবর খান, গোলাম রহমান, থানা কমান্ডার মো. এমরান গাজী, হাজী জাফর আহমদ, কামরুল আলম, দোস্ত মোহাম্মদ, মো. আলী হোসেন, মো. জাহাঙ্গীর আলম, মো. আবুল কালাম, মুক্তিযোদ্ধা আবদুচ ছবুর, আবদুল হাফেজ, মো. ওসমান গনি, আবু তাহের, এম এ ছবুর, সৈয়দ আহম্মদ, আইয়ুব রানা, নজরুল ইসলাম তিতাস সহ বীর মুক্তিযোদ্ধাবৃন্দ উপস্থিত ছিলেন। বীর মু□□□□যোদ্ধা ভবন নির্মাণ কাজের উদ্বোধনী অনুষ্ঠানে বীর মুক্তিযোদ্ধা ডা. মাহফুজুর রহমান বলেন,

চট্টগ্রাম সিটি কর্পোরেশনের ইতিহাসে বর্তমান মেয়র আ জ ম নাছির উদ্দীন মুক্তিযোদ্ধাদের পুনর্বাসন কর্মসূচি বাস্তবায়নের মধ্য দিয়ে নতুন এক ইতিহাসের সূচনা করেন। তার এই অবদান বাংলাদেশ যতদিন থাকবে ততদিন জাতি স্মরণে রাখবে।

সংবাদদাতা
মো. আবদুর রহিম
জনসংযোগ কর্মকর্তা